The Bangladesh Monitor - A Premier Travel Publication



Date: 22 October, 2025

তিন শিফটে চলবে এয়ার কার্গো ইউনিট

- A Monitor Desk Report



ঢাকাঃ রাজ্যানীর হ্যরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের আমদানি□রফতানি কার্গো কমপ্লেক্সে ভয়াবহ অগ্নিকাণ্ডের পর ব্যবসায়িক কার্যক্রম দুত পুনরুজ্জীবিত করার উদ্যোগ নিয়েছে ঢাকা কাস্টমস হাউস।

এক নির্দেশনায় বলা হয়েছে, বিমানবন্দরের অধীনে থাকা এয়ারফ্রেইট ইউনিট এবং এক্সপ্রেস সার্ভিস ইউনিটে একটানা ২৪ ঘণ্টা, তিনটি শিফটে কার্যক্রম চালু রাখতে হবে।

কাস্টমস সূত্রে জানা গেছে, আমদানি□রফতানি পণ্য, লজিস্টিক সার্ভিসসহ বিমানবন্দরের গোডাউন ও কার্গো হ্যান্ডলিং কার্যক্রম আগুনের কারণে বিঘ্লিত হওয়ায় কার্যক্রম দুত স্বাভাবিক করার লক্ষ্যে এই পদক্ষেপ নেওয়া হয়েছে।

আদেশে বলা হয়েছে, সংশ্লিষ্ট ইউনিটগুলো অ্যাসিস্ট্যান্ট কমিশনার ও ডেপুটি কমিশনার পর্যায়ের কর্মকর্তারা প্রভাতী, দিবা ও নৈশ্⊔এই তিন শিফটে দায়িত্ব পালন করবেন। পাশাপাশি, প্রয়োজনীয় সংখ্যক রাজস্ব কর্মকর্তা, সহকারী রাজস্ব কর্মকর্তা, সাব-ইন্সপেক্টর ও সিপাই নিয়োজিত রেখে কাস্টমস কার্যক্রম নির্বিঘ্ন রাখার নির্দেশ দেওয়া হয়েছে।

কাস্টমস কর্মকর্তাদের মতে, এই উদ্যোগের ফলে দুর্যোগ-পরবর্তী সময়ে আমদানি-রফতানি কার্যক্রমে কোনও স্থবিরতা সৃষ্টি হবে না। ব্যবসায়ীরা দুত পণ্য খালাস করতে পারবেন, যা বাণিজ্যিক গতি ও রাজস্ব আদায়ে ইতিবাচক প্রভাব ফেলবে।

এই উদ্যোগকে ব্যবসায়ীরা স্বাগত জানিয়েছেন। তারা বলছেন, কাস্টমসের দুত পদক্ষেপ ও সমন্বিত কার্যক্রম বাণিজ্য স্থিতিশীল রাখতে পুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

ঢাকা কাস্টমস হাউজ সিঅ্যান্ডএফ এজেন্ট এসোসিয়েশনের সহ-সভাপতি খায়রুল আলম ভুইয়া মিঠু বলেন, 'এই উদ্যোগকে আমরা ব্যবসায়ীরা স্বাগত জানিয়েছি। এই কার্যক্রমের ফলে আমরা স্বাই উপকৃত হবো।'